

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ২০১-আইন/২০২৫/২৩/কাস্টমস। সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে,-

- (ক) Bangladesh Export Processing Zone Authority Act, 1980 (Act No. XXXVI of 1980) এর Section 10 এর অধীন ঘোষিত Export Processing Zone (EPZ), এবং
- (খ) বাংলাদেশ বেসরকারী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ২০ নং আইন) এর ধারা ১১ এর অধীন ঘোষিত বেসরকারী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল,

এ স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত Heading এবং নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এবং কলাম (২) এ উল্লিখিত H.S. Code এর অধীন আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের বা উভয়ের উপর আমদানিকালে আরোপনীয় সকল আমদানি শুল্ক, রেগুলেটরি শুল্ক, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও মূল্য সংযোজন কর, নিম্নবর্ণিত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H. S. Code
(1)	(2)
37.01	3701.30.10
39.23	3923.29.10, 3923.40.10
40.10	4010.11.00; 4010.12.00; 4010.19.00; 4010.35.00; 4010.36.00;
40.16	4016.93.00; 4016.94.00; 4016.99.10
42.05	4205.00.10
42.06	4206.00.10
44.15	4415.20.10
44.17	4417.00.00
44.21	4421.90.20
56.07	5607.49.10
56.08	5608.11.10
56.09	5609.00.10
59.10	5910.00.00
59.11	5911.10.90; 5911.20.00; 5911.31.00; 5911.32.00; 5911.40.00;

Heading	H. S. Code
(1)	(2)
	5911.90.00
68.04	6804.21.00; 6804.22.00; 6804.23.00
68.05	6805.30.00
69.01	6901.00.00
69.02	All H.S. Codes
69.03	6903.10.10; 6903.20.10; 6903.20.20; 6903.90.20
69.09	All H. S. Codes
70.19	7019.90.11
73.08	7308.90.20
73.11	7311.00.10; 7311.00.90
73.14	7314.12.00; 7314.14.00
73.15	7315.11.90; 7315.12.00
74.12	All H. S. Codes
74.15	7415.21.00; 7415.29.00; 7415.33.90; 7415.39.00
74.19	7419.20.00; 7419.80.10
75.07	All H. S. Codes
75.08	7508.90.10
76.08	All H. S. Codes
76.09	7609.00.00
76.13	7613.00.00
78.06	7806.00.10
79.07	7907.00.10
80.07	8007.00.20
81.04	8104.90.10
82.03	8203.30.00; 8203.40.00
82.05	8205.10.00
82.07	All H. S. Codes
82.08	All H. S. Codes
82.09	8209.00.00
84.01	All H. S. Codes
84.02	All H. S. Codes
84.03	All H. S. Codes
84.04	All H. S. Codes
84.05	All H. S. Codes
84.06	All H. S. Codes
84.07	8407.29.00; 8407.90.10
84.08	8408.10.00; 8408.90.10; 8408.90.20
84.09	8409.91.10; 8409.99.10
84.10	All H. S. Codes
84.11	All H. S. Codes
84.12	8412.10.90; 8412.21.00; 8412.29.00; 8412.31.00; 8412.39.00; 8412.80.00; 8412.90.90

Heading	H. S. Code
(1)	(2)
84.13	8413.11.00; 8413.19.00; 8413.40.00; 8413.50.00; 8413.60.00; 8413.70.00; 8413.81.00; 8413.82.00; 8413.91.00
84.14	8414.10.00; 8414.30.10; 8414.40.00; 8414.59.10; 8414.59.20; 8414.80.10; 8414.80.20
84.15	8415.10.10; 8415.20.10; 8415.81.10; 8415.81.20; 8415.82.10; 8415.82.20; 8415.83.10; 8415.83.30
84.16	All H. S. Codes
84.17	All H. S. Codes
84.18	8418.61.10; 8418.69.10; 8418.69.93; 8418.69.95
84.19	8419.20.00; 8419.33.00; 8419.34.00; 8419.35.00; 8419.39.00; 8419.40.20; 8419.40.90; 8419.50.00; 8419.60.00; 8419.81.00; 8419.89.00; 8419.90.00
84.20	All H. S. Codes
84.21	8421.11.00; 8421.12.00; 8421.19.10; 8421.21.10; 8421.21.20; 8421.21.92; 8421.21.93; 8421.39.20; 8421.91.00; 8421.99.00
84.22	8422.19.00; 8422.20.00; 8422.30.00; 8422.40.00; 8422.90.00
84.23	8423.20.00; 8423.30.00; 8423.82.10; 8423.89.00; 8423.90.00
84.24	8424.10.00; 8424.20.10; 8424.30.00; 8424.81.90; 8424.89.00; 8424.90.00
84.25	8425.11.00; 8425.19.00; 8425.31.00; 8425.39.00; 8425.41.00
84.26	8426.11.00; 8426.12.00; 8426.19.00; 8426.20.00; 8426.30.00; 8426.41.90; 8426.49.00; 8426.91.00; 8426.99.00
84.27	8427.10.00; 8427.20.00
84.28	All H.S. Codes
84.29	All H. S. Codes
84.30	All H. S. Codes
84.31	All H. S. Codes
84.32	All H. S. Codes
84.33	8433.20.00; 8433.30.00; 8433.40.00; 8433.51.00; 8433.52.00; 8433.53.00; 8433.59.00; 8433.60.00; 8433.90.00
84.34	All H. S. Codes
84.35	All H. S. Codes
84.36	All H. S. Codes
84.37	8437.10.00; 8437.80.90; 8437.90.90
84.38	All H. S. Codes
84.39	All H. S. Codes
84.40	All H. S. Codes
84.41	All H. S. Codes
84.42	8442.30.00; 8442.40.00; 8442.50.20; 8442.50.90

Heading	H. S. Code
(1)	(2)
84.43	8443.11.00; 8443.12.00; 8443.13.00; 8443.14.00; 8443.15.00; 8443.16.00; 8443.17.00; 8443.19.00; 8443.32.90; 8443.39.10; 8443.39.99; 8443.91.00
84.44	8444.00.00
84.45	All H. S. Codes
84.46	All H. S. Codes
84.47	All H. S. Codes
84.48	All H.S. Codes (Excluding H.S. Code 8448.20.10; 8448.42.10)
84.49	8449.00.00
84.50	8450.20.90; 8450.90.00
84.51	All H.S. Codes (Excluding H.S. Code 8451.21.00)
84.52	8452.21.00; 8452.29.90; 8452.30.00; 8452.90.90
84.53	All H. S. Codes
84.54	All H. S. Codes
84.55	All H. S. Codes
84.56	All H. S. Codes
84.57	All H. S. Codes
84.58	All H. S. Codes
84.59	All H. S. Codes
84.60	All H. S. Codes
84.61	All H. S. Codes
84.62	All H. S. Codes
84.63	All H. S. Codes
84.64	All H. S. Codes
84.65	All H. S. Codes
84.66	All H.S. Codes
84.67	8467.21.00; 8467.22.00; 8467.29.00; 8467.89.00; 8467.91.00; 8467.99.00
84.68	All H. S. Codes
84.70	8470.50.00
84.74	All H. S. Codes
84.75	All H. S. Codes
84.77	All H. S. Codes
84.79	All H. S. Codes (Excluding H.S. Code 8479.60.00)
84.80	8480.10.00; 8480.20.00; 8480.30.00; 8480.41.00; 8480.49.00; 8480.50.00; 8480.60.00; 8480.71.00; 8480.79.00
84.81	8481.10.11; 8481.10.90; 8481.20.90; 8481.30.90; 8481.40.11; 8481.40.90; 8481.80.90; 8481.90.90
84.83	8483.20.00; 8483.30.00; 8483.40.00; 8483.50.00; 8483.60.00; 8483.90.00
84.84	All H. S. Codes

Heading	H. S. Code
(1)	(2)
84.86	8486.10.00; 8486.20.00; 8486.30.00; 8486.90.00
85.01	All H.S. Codes (Excluding H.S. Code 8501.10.10; 8501.20.10)
85.02	All H. S. Codes
85.03	All H. S. Codes
85.04	8504.23.10; 8504.40.90; 8504.50.00
85.05	All H. S. Codes
85.08	8508.60.10
85.14	All H. S. Codes
85.15	All H. S. Codes
85.16	8516.40.10
85.25	8525.50.10; 8525.60.10
85.26	All H. S. Codes(Excluding H.S. Code 8526.91.10)
85.31	8531.10.00
85.37	8537.10.11; 8537.10.91
85.41	8541.40.10
85.43	8543.10.00; 8543.20.00; 8543.30.00; 8543.70.20; 8543.70.90; 8543.90.00
85.47	8547.90.00
87.01	8701.20.10; 8701.90.00
87.04	8704.10.00; 8704.22.13; 8704.22.15; 8704.90.11
87.16	8716.20.00; 8716.31.00; 8716.39.00; 8716.80.00
89.02	8902.00.00
89.05	8905.10.00
90.07	9007.10.90; 9007.20.90
90.08	All H. S. Codes
90.10	All H. S. Codes
90.11	All H. S. Codes
90.12	All H. S. Codes
90.14	All H. S. Codes
90.15	All H. S. Codes
90.18	9018.11.00; 9018.12.00; 9018.13.00; 9018.14.00; 9018.19.90; 9018.20.00; 9018.41.00; 9018.49.00; 9018.50.00; 9018.90.20
90.19	9019.10.10; 9019.10.90; 9019.20.10; 9019.20.90
90.20	9020.00.00
90.21	9021.31.00; 9021.39.00; 9021.40.00; 9021.50.00; 9021.90.10; 9021.90.90
90.22	All H. S. Codes
90.24	All H. S. Codes
90.25	9025.90.00
90.26	All H. S. Codes

Heading	H. S. Code
(1)	(2)
90.27	All H. S. Codes
90.28	9028.10.00; 9028.20.00; 9028.30.90; 9028.90.90
90.29	9029.10.90
90.30	All H. S. Codes
90.31	All H. S. Codes
90.32	All H. S. Codes
91.06	9106.10.00
94.06	9406.00.10

শর্তাবলি

- (১) একই H. S. Code এর আওতাভুক্ত মূলধনী যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়, এক বা একাধিক ঋণপত্রের অধীনে একাধিক চালানে আমদানির ক্ষেত্রে, প্রথম পণ্যচালান আমদানির বিল অব এন্ট্রি দাখিলের তারিখ হইতে ১ (এক) বৎসরের মধ্যে সকল যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়ের আমদানি সম্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উন্নত প্রযুক্তির বৃহদায়তন শিল্পের যন্ত্রপাতি বা যন্ত্রাংশ উক্ত ১ (এক) বৎসর সময়ের মধ্যে আমদানি করিতে না পারিলে আমদানিকারক কর্তৃক আবেদনের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, প্রয়োজনে অনধিক ৩ (তিন) বৎসর পর্যন্ত সময় বৃদ্ধি করিতে পারিবে;

ব্যাখ্যা।- “যন্ত্রাংশ” বলিতে TABLE এর অন্তর্ভুক্ত নিম্নবর্ণিত পণ্যাদি বুঝাইবে, যথা:-

- (অ) Heading 37.01 হইতে Heading 82.09 এর পণ্য; এবং
- (আ) উক্ত আইনের প্রথম তফসিলে Parts হিসাবে উল্লিখিত Heading 84.01 হইতে Heading 94.06 এর পণ্য (H.S. Code 8503.00.20 এবং 8448.51.00 ব্যতীত);
- (২) যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়ের আমদানির ক্ষেত্রে Bangladesh Export Processing Zone Authority (BEPZA) এর Import Permit (IP) দাখিল করিতে হইবে;
- (৩) আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় নিজস্ব শিল্প ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার করা হইবে না এবং আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় অন্য কোনো কাজে ব্যবহার বা হস্তান্তর করা হইলে আরোপনীয় শুল্ক-কর প্রদানসহ কাস্টমস আইন, ২০২৩ এর অধীনে গৃহীত আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারক যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা যন্ত্রপাতি বা

যন্ত্রাংশ বা উভয় খালাসকালে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন;

- (৪) আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় যথাযথভাবে যথাস্থানে স্থাপিত বা ব্যবহৃত হইয়াছে কি না সেই বিষয়ে BEPZA কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি সরেজমিনে তদন্তপূর্বক নিশ্চিত হইবেন এবং সংশ্লিষ্ট EPZ কর্তৃপক্ষের মহাব্যবস্থাপক এর স্বাক্ষরে আমদানিকৃত পণ্য চালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে পরিশিষ্ট-২ মোতাবেক একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর বরাবর প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সর্বশেষ আমদানিকৃত পণ্য চালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে EPZ কর্তৃপক্ষ কর্তৃক পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র দাখিল করা সম্ভব না হইলে আমদানিকারক কর্তৃক যৌক্তিক কারণ উল্লেখপূর্বক আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস, প্রয়োজনে, অনধিক ৬ (ছয়) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, কমিশনার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যেও EPZ কর্তৃপক্ষ কর্তৃক পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর বরাবর প্রেরণ করিতে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) বরাবর আবেদন করিতে পারিবে এবং উক্ত আবেদন পর্যালোচনায় যৌক্তিক মনে করিলে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), প্রয়োজনে, আরও অনধিক ১২ (বারো) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, উক্ত ১২ (বারো) মাস সময়ের মধ্যে EPZ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করিতে না পারিলে আমদানিকারকের আবেদনের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, প্রয়োজনে, যুক্তিসংগত পরিমাণ সময় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারিবেন।

- (৫) সংশ্লিষ্ট EPZ কর্তৃপক্ষ হইতে প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় আমদানিকারকের প্রতিষ্ঠানে স্থাপিত বা ব্যবহৃত হইয়াছে, তাহা হইলে পরিশিষ্ট-১ অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে, অন্যথায় অব্যাহতিপ্রাপ্ত শুল্ক ও করাদি আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

২। ১৪ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৫৬-আইন/ ২০১৭/ কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-১**অঙ্গীকারনামা**

আমি ----- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----
 ----- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,
 বেপজা আইপি নং-----তাং-----, ঋণপত্র নং-----, তারিখ : ----
 ইনভয়েস নং-----তারিখ: ----- বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ----
 তারিখ: ----- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় উল্লিখিত শিল্পে
 স্থাপন/প্রতিস্থাপন/সুশ্রমকরণ/আধুনিকীকরণ/ সম্প্রসারণ (বিএমআরই)- এর কাজে ব্যবহার হইবে এবং
 উহার কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় এর উপর প্রযোজ্য হারে শুল্ক ও
 কর পরিশোধ ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো
 শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর :
 তারিখ : মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম :
 প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

পরিশিষ্ট-২**প্রত্যয়নপত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আমদানিকারক মেসার্স -----
 (প্রতিষ্ঠানের ঠিকানা) মূসক নিবন্ধন নং-----, তারিখ:-----, বন্ড লাইসেন্স নং
 ----- তারিখ: -----, কর্তৃক আইপি নং-----, তারিখ:-----, এবং
 বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং -----, তারিখ:----- এর মাধ্যমে ----
 -----কাস্টমস হাউস/কাস্টমস স্টেশন এর বিল অব এন্ট্রি নং -----, তারিখ: -----
 এর বিপরীতে খালাসকৃত পণ্য দ্বারা পরিশিষ্ট-১ এ বর্ণিত স্থানে অনুমোদিত নকশা অনুযায়ী যন্ত্রপাতি বা
 যন্ত্রাংশ বা উভয় উল্লিখিত শিল্পে স্থাপন/প্রতিস্থাপন/সুশ্রমকরণ/আধুনিকীকরণ/সম্প্রসারণ (বিএমআরই)- এর
 কাজে ব্যবহার করিয়াছে। আমদানিকৃত সকল পণ্য উক্ত শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে এবং কোন
 পণ্যের অপব্যবহার করা হয় নাই।

স্বাক্ষর :
 তারিখ : মহাব্যবস্থাপকের নাম :
 রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
 সচিব।